



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গনি রোড, ঢাকা।
Web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬৭৬.১৮. ২০২৭

তারিখ : ২২/০৫/২০২২ খ্রি:

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : আপনার কার্যালয়ের ১৬/০৫/২০২২খ্রিঃ তারিখের ১০৬৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং-


১৪৮০২০৩-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২১-২০২২ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার

অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বৎসরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্টস	২০,০০০ (বিশ হাজার) টাকা
	মোট=	২০,০০০ (বিশ হাজার) টাকা মাত্র।

উল্লেখ্য, কম্পিউটার সামগ্রি খাতে গত ২০২০-২০২১ অর্থ বছরে ৩৬,০০০/- বরাদ্দ দেয়া হয়েছে এবং ৩৫,৯৬০/- টাকা ব্যয় করা হয়েছে। চলতি অর্থ বছরে এ খাতে ৪০,০০০/- টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কিন্তু আপনার প্রেরিত বর্তমান চাহিদায় ৫০,০০০/- টাকা বকেয়া দেখিয়ে পুনরায় ১,৩০,০০০/- টাকার চাহিদা প্রেরণ করা হয়েছে। যা বোধগম্য নয়। এক্ষণে, বছরের শেষ মুহূর্তে এসে কম্পিউটার সামগ্রি খাতে চলতি অর্থ বছরে ৪০,০০০/- টাকা বরাদ্দের পরেও পুনরায় ৫০,০০০/- টাকা বকেয়া দেখিয়ে ১,৩০,০০০/- টাকার চাহিদা প্রেরণের বিষয়টির স্বপক্ষে যৌক্তিকতা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়াও প্রচার ও বিজ্ঞাপন এবং পৌরকর খাতে বাজেট স্বল্পতা থাকায় বরাদ্দ প্রদান করা সম্ভব হলো না। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মোঃ শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

ই-মেইল-adbudget@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঝিনাইদহ।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৬৭৬.১৮. ২০২৭/১(২)


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ।

৩। অফিস কপি।

তারিখ : ২২/০৫/২০২২ খ্রি:



(মোঃ শেখ আসাদুজ্জামান)

সহকারী উপপরিচালক

